

সুরা কুরাইশ

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রহমানির রাহীম

মক্কার মুশরিক কুরাইশগণ ব্যবসা উপলক্ষে শীতকালে
ইয়েমেন এবং গরমকালে সিরিয়া যাতায়াত করতো। এই
যাতায়াতে তাদের আশক্তি ছিল এবং তারা লাভবান হত। এ
সম্পর্কে এ সুরা অবতীর্ণ হয়। ইবনে কাসীর এ সুরার
তাফসিরে নিম্নলিখিত আয়াত সমূহ উল্লেখ করেছেন।

পবিত্র কোরআনে আল্লাহ তা'য়লা ইরশাদ করেছেনঃ সুরা
১৬ আন নাহল, আয়াতঃ ১১২,১১৩

وَضَرَبَ اللَّهُ مَثَلًا قَرْيَةً كَانَتْ آمِنَةً مُطْمَئِنَّةً يَأْتِيهَا رِزْقُهَا رَغَدًا مِّنْ كُلِّ مَكَانٍ
فَكَفَرَتْ بِأَنْعُمِ اللَّهِ فَأَذَاقَهَا اللَّهُ لِبَاسَ الْجُوعِ وَالْخَوْفِ بِمَا كَانُوا يَصْنَعُونَ (112)

আল্লাহ দৃষ্টান্ত দিচ্ছেন এমন এক জনপদের যা ছিল
নিরাপদ ও নিশ্চিত। যেথায় আসতো সর্বোদিক হতে প্রচুর
জীবনোপকরণ; অতঃপর তারা আল্লাহর নিয়ামত সমূহকে
অস্বীকার করলো। ফলে তারা যা করতো তজ্জনে আল্লাহ
তাদেরকে স্বাদ গ্রহণ করালেন ক্ষুধা ও ভীতির আচ্ছাদন
দ্বারা।

وَلَقَدْ جَاءَهُمْ رَسُولٌ مِّنْهُمْ فَكَذَّبُوهُ فَأَخَذَهُمُ الْعَذَابُ وَهُمْ ظَالِمُونَ (113)

তাদের নিকট তো এসেছিলেন এক রাসূল তাদের মধ্য হতে' কিন্তু তারা তাকে অস্বীকার করেছিল; ফলে যুলুম করা অবস্থায় শাস্তি তাদেরকে গ্রাস করল।

পবিত্র কোরআনে আল্লাহ তা'য়লা ইরশাদ করেছেনঃ সুরা
২৯ আনকাবুত, আয়াতঃ ৬৭

أَوَلَمْ يَرَوْا أَنَّا جَعَلْنَا حَرَمًا آمِنًا وَيُتَخَطَّفُ النَّاسُ مِنْ حَوْلِهِمْ أَفَبِالْبَاطِلِ يُؤْمِنُونَ
وَبِالْغَيْبِ يَكْفُرُونَ (67)

তারা কি দেখে না যে, আমি (মক্কা) হারামকে নিরাপদ স্থান
করেছি অথচ এর চতুর্পার্শ্বে যে সব মানুষ আছে তাদের
উপর হামলা করা হয়, তবে কি তারা অসত্যেই বিশ্বাস
করবে এবং আল্লাহর অনুগ্রহ অস্বীকার করবে?

.....